

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ



সংবাদকর্ম : ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

সংবাদ গতিধারা

স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৭০/২০২৩-২০২৪

ময়মনসিংহ, ০৬ ডিসেম্বর, বুধবার ২০২৩, ২১ অগ্রহায়ন ১৪৩০

আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:

- ০১। ১৪ দলের সঙ্গে আসন বন্টনের সিদ্ধান্ত শিগগিরই- সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী
- ০২। সবার সহযোগিতায় সুষ্ঠু, শান্তিপূর্ণ, অবাধ নির্বাচন করতে সক্ষম হব- ময়মনসিংহে ইসি আলমগীর

০১। ১৪ দলের সঙ্গে আসন বন্টনের সিদ্ধান্ত শিগগিরই- সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ১৪ দলের সঙ্গে আওয়ামী লীগের একটা সমঝোতা অবশ্যই হবে। আজকালের মধ্যেই আসন বন্টনের বিষয়টি পরিষ্কার হয়ে যাবে। মঙ্গলবার (০৫ ডিসেম্বর) দুপুরে খানমন্ডিতে আওয়ামী লীগের সভাপতির রাজনৈতিক কার্যালয়ে এক ব্রিফিংয়ে এসব কথা বলেন তিনি। তিনি আরো বলেন, সব জায়গায় স্বতন্ত্র মিলিয়ে অনেক প্রার্থী দাঁড়িয়ে গেছে। ১৪ দলীয় জোটের প্রত্যাশা কত, আর তারা পাবে তার বাস্তবতা কতটা; দুটি বিষয় মিলেই আমরা সিদ্ধান্ত নিবো। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস, দৈনিক আজকের ময়মনসিংহ ও আজকের বাংলাদেশ।

০২। সবার সহযোগিতায় সুষ্ঠু, শান্তিপূর্ণ, অবাধ নির্বাচন করতে সক্ষম হব- ময়মনসিংহে ইসি আলমগীর

নির্বাচন কমিশনার মো. আলমগীর বলেছেন, যারা জাতীয় সংসদ নির্বাচন প্রতিহত করার ঘোষণা দিয়েছেন, তাদের বিরুদ্ধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তৎপর আছে। নির্বাচনী প্রিজাইডিং অফিসার, আইনশৃঙ্খলা বাহিনী, প্রার্থী, ভোটার, সবার সহযোগিতা নিয়ে সুষ্ঠু শান্তিপূর্ণ অবাধ নির্বাচন করতে সক্ষম হব বলে আমরা আশা করি। নির্বাচন সুষ্ঠু করার লক্ষ্যে সেনাবাহিনী নামানোর কথা ভাবছেন নির্বাচন কমিশন। নির্বাচন কমিশনার আরও বলেন, নির্বাচনকে প্রতিহত করতে বিচ্ছিন্ন কিছু সহিংস ঘটনা ঘটলেও তা ভোটের শান্তিপূর্ণ পরিবেশ নষ্ট করতে পারবে না। নির্বাচনে বিঘ্ন কিংবা ভোটাররা উৎসাহ নিয়ে ভোট দিতে যেতে পারবেন না, এমন ঘটনা ঘটান সুযোগ নেই। এ সময় নির্বাচন নিয়ে বিদেশীদের কোন চাপ নেই বলেও নির্বাচন কমিশনার জানিয়েছেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ।

সম্পাদকীয়

- (ক) **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক আজকের বাংলাদেশ:** ভূমিকম্পের অতি ঝুঁকিতে রয়েছে বাংলাদেশ। তবে ভূমিকম্পের ঝুঁকিতে থাকলেও মোকাবিলার প্রস্তুতি অনেকটাই কম। বিশেষজ্ঞদের আশঙ্কা, ঢাকা, চট্টগ্রাম ও সিলেট এতটাই ঝুঁকিতে রয়েছে যে, রিখটার স্কেলে ৭ কিংবা এর বেশি মাত্রায় ভূমিকম্প হলে ভয়াবহ বিপর্যয় হতে পারে। এ তিন নগরীতে ধ্বংস পড়তে পারে বহু ভবন। এজন্য বড় দুর্ঘটনার আগেভাগেই তারা প্রস্তুতির তাগিদ দিয়েছেন। ভূমিকম্পের মতো দুর্ঘটনা মোকাবেলায় সরকার আগাম সতর্কতামূলক সব পদক্ষেপ গ্রহণ করবে, এটাই প্রত্যাশা।
- (খ) **দৈনিক স্বজন:** সারাদেশে দিনে-রাতে তাপমাত্রা কমা-বাজার মধ্য দিয়ে শুরু হয়েছে শীতের আমেজ। শীত মৌসুম কেটে যাওয়ার আগে আছে শৈত্যপ্রবাহের শঙ্কা। বর্ষা ও শীত এ দু'কালেই অসহায় মানুষেরা সবচেয়ে বেশি কষ্টে ভোগেন। দরিদ্র মানুষের জীবনে নেমে আসে সীমাহীন দুর্ভোগ। প্রতিবছর সরকারি বেসরকারি উদ্যোগে শীতাত্তরদের সাহায্য করা হলেও প্রয়োজনের তুলনায় তা খুবই সামান্য। এই খাতে বরাদ্দ বাড়াতে হবে। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে শীতাত্তর মানুষের কষ্ট লাঘবে সবাইকে হাত বাড়িয়ে দিতে হবে।
- (গ) **দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ:** এ বছর ডেঙ্গুর প্রাদুর্ভাব শুরু হওয়ার দিন থেকে নভেম্বর মাস পর্যন্ত এডিস মশাবাহিত ডেঙ্গু রোগে মারা গিয়েছেন প্রায় ১ হাজার ৬১৫ জন মানুষ। দেখা যাচ্ছে শহরের তুলনায় গ্রামাঞ্চলে ডেঙ্গুর প্রাদুর্ভাব বেশি। এর কারণ হলো সচেতনতার অভাব। শহরাঞ্চলে ডেঙ্গু নিয়ে প্রচার-প্রচারণা হলেও গ্রামাঞ্চলে খুব একটা হয়নি। ডেঙ্গুমৃত্যুর হার কমাতে শহরের পাশাপাশি গ্রামেও সচেতনতামূলক প্রচারণা চালাতে হবে। পৌরসভা কর্তৃক ডেঙ্গু প্রতিরোধমূলক অভিযান চালাতে হবে।

প্রবন্ধ/নিবন্ধ

- ০১। পথশিশুদের মূলধারায় ফিরিয়ে আনতে হবে- আহমেদ জুনাইদ (দৈনিক নিউ টাইমস ও দৈনিক আজকের ময়মনসিংহ)
- ০২। আমরা মাকে পেয়েছিলাম- রাজু আহমেদ (দৈনিক স্বজন ও আজকের বাংলাদেশ)

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৩/১০.৩০ ঘণ্টা।